গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
সাধারণ শাখা
www.meherpur.gov.bd

# মেহেরপুর জেলায় পবিত্র ঈদ-উল-ফিতর ২০১৯ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: আতাউল গনি<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ২৯.০৫.২০১৯ খ্রি., |
| সভার সময় | সকাল: ১০:০০ ঘটিকা |
| স্থান | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তিনি বলেন, পবিত্র ঈদ-উল-ফিতর মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব। ধনী-গরীব নির্বিশেষে শান্তিপূর্ণ পরিবেশে সকলের অংশগ্রহণের মাধ্যমে পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হলেই ঈদের প্রকৃত উদ্দেশ্য সফল হবে। তিনি পবিত্র ঈদের জামাত যাতে সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলের সক্রিয় উদ্যোগ কামনা করেন। গত বছরের ঈদ-উল-ফিতর উদযাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর গৃহীত কর্মসূচি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পাঠ করে শোনান।

২। যথাযোগ্য ধর্মীয় উৎসাহ উদ্দীপনা ও ভাব গাম্ভীর্যের সাথে যাতে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হয় সে লক্ষে সভায় উপস্থিত সুধিমন্ডলী আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | হিজরী ১৪৪০ পবিত্র ঈদ-উল-ফিতরের দিন সরকারি, বে-সরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন। (সম্ভাব্য ৫/৬ জুন ২০১৯) | সকল সরকারি ও বে-সরকারি প্রতিষ্ঠানে যথাসময়ে জাতীয় পতাকা উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা তথ্য অফিসার, মেহেরপুরকে মাইক দ্বারা প্রচারের ব্যবস্থা নিবেন। | সকল সরকারি ও বে-সরকারি প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ ও জেলা তথ্য অফিসার, মেহেরপুর। |
| ২. | মেহেরপুর জেলার সদর উপজেলার বিভিন্ন ঈদগাহ ময়দানে জামায়াতের সময়সূচি নির্ধারণ। (সম্ভাব্য ৫/৬ জুন ২০১৯) | আলোচনান্তে পৌর এলাকার বিভিন্ন ঈদগাহ/ঈদের নামাজের ময়দানে নিম্ন-লিখিতভাবে সময়সূচি নির্ধারিত হয়।<br>ক) পৌর ঈদগাহ (প্রধান জামায়াত)- সকাল- ৮.১৫ টায়<br>খ) পুরাতন ঈদগাহ ময়দান- সকাল- ৮.৩০ টায়<br>গ) কোর্ট মসজিদ প্রাঙ্গনে- সকাল- ৮.৪৫ টায়<br>ঘ) থানা মসজিদ প্রাঙ্গনে- সকাল- ৭.৩০ টায়<br>ঙ) মহিলাদের জামায়াত (পৌর ঈদগাহ-) সকাল- ৮.৪৫ টায়<br>(অন্যান্য ঈদগাহ ময়দানে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রধান জামায়াতের সাথে সমন্বয় করে কর্মসূচি নির্ধারণ করবেন। উল্লেখ্য বৈরি আবহাওয়া জনিত পৌর ঈদগাহে জামায়াত করা সম্ভব না হলে বিকল্প হিসেবে গড় মসজিদে প্রধান জামায়াত অনুষ্ঠিত হবে।) | মেয়র, মেহেরপুর পৌরসভা ও সংশ্লিষ্ট ঈদগাহ কর্তৃপক্ষ। |

<table>
<tr><td>৩.</td><td>(ক) জেলা শহরে জাতীয় পতাকা এবং বাংলা ও আরবীতে ঈদ মোবারক খচিত ব্যানার দ্বারা শহর সজ্জিতকরণ।</td><td>মেহেরপুর পৌরসভার বিভিন্ন রাস্তার পার্শ্বে জাতীয় পতাকা এবং বাংলা ও আরবীতে ঈদ মোবারক খচিত ব্যানার দ্বারা শহর সজ্জিতকরণ করতে হবে।</td><td>মেয়র, মেহেরপুর পৌরসভা।</td></tr>
<tr><td>৪.</td><td>খ) স্ব-স্ব প্রতিষ্ঠানে যথাসময়ে জাতীয় পতাকা উত্তোলন ও নামানো।</td><td>জাতীয় পতাকা যাতে সঠিক আকার ও রং এর হয় এবং তা যথানিয়মে উত্তোলন ও নামানো হয় তার তদারকির জন্য নিম্নলিখিত উপ-কমিটি গঠন করা হলো।
<table>
<tr><td>১.</td><td>নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুর-</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২.</td><td>অফিসার ইনচার্জ, মেহেরপুর সদর থানা-</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>মেয়র, মেহেরপুর পৌরসভা এর প্রতিনিধি-</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>সভাপতি, প্রেস ক্লাব, মেহেরপুর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>জনাব মোঃ মিজানুর রহমান, সাংবাদিক, মেহেরপুর।</td><td>সদস্য</td></tr>
</table></td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জাতীয় পতাকা সঠিকভাবে উত্তোলন ও নামানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন এবং সংশ্লিষ্ট উপ-কমিটি তদারকি করবেন।</td></tr>
<tr><td>৫.</td><td>হাসপাতাল, জেলখানা, থানা হাজত, শিশু পরিবার ও এতিমখানাসমূহে ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন।</td><td>হাসপাতাল, জেলখানা, শিশু পরিবার ও এতিমখানাসমূহে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ঈদের দিন উন্নতমানের খাবার পরিবেশন করবেন।</td><td>সংশ্লিষ্ট কর্তৃপক্ষ</td></tr>
</table>

৩। অন্যান্য সিদ্ধান্তসমূহঃ

(১) ঈদ উপলক্ষে আইন-শৃঙ্খলা রক্ষার্থে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন পুলিশ সুপার, মেহেরপুর।

(২) ঈদের প্রধান জামায়াতে ওযুর পানি সরবরাহসহ সকল ঈদের জামায়াতে অন্যান্য কর্মসূচি বাস্তবায়ন করবেন মেয়র, মেহেরপুর পৌরসভা।

(৩) ঈদ উপলক্ষে যে কোন প্রকার পটকা/বাজী ফুটানো থেকে বিরত থাকার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। মেয়র, মেহেরপুর পৌরসভা ও জেলা তথ্য অফিসার, মেহেরপুর এ বিষয়ে মাইকিং ও স্থানীয় ক্যাবল নেটওয়ার্ক এর সভাপতি টিভি চ্যানেলের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন।

(৪) (ক) পবিত্র শাওয়াল মাসের চাঁদ দেখার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ ও ব্যবস্থা গ্রহণ এবং দ্রুততম সময়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা চাঁদ দেখা কমিটির সকল সদস্য ও উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মেহেরপুরকে অনুরোধ করা হয়। বিষয়টি অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তদারকি করবেন।

(খ) চাঁদ দেখার সংবাদ পাওয়া গেলে জেলা তথ্য অফিসার, মেহেরপুর সাথে সাথে শহরে মাইকিং ও ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে প্রচারের ব্যবস্থা করবেন। পবিত্র ঈদের আগের দিন (চাঁদ দেখার পর) জেলা প্রশাসনের পক্ষে জেলা তথ্য অফিসার জনসাধারণকে ‘ঈদ মোবারক’ জানিয়ে চাঁদ দেখার সংবাদ প্রচারসহ এ জেলার ঈদের প্রধান প্রধান জামায়াতের সময়সূচি প্রচার করবেন। এছাড়া পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে গৃহীত অন্যান্য কর্মসূচি প্রচার করবেন। জেলা তথ্য অফিসার, মেহেরপুর ঈদের প্রধান দুটি জামায়াত (পৌর ঈদগাহ ও পুরাতন ঈদগাহ) ও অন্যান্য কর্মসূচিতে শব্দযন্ত্র সরবরাহ নিশ্চিত করবেন।

(৫) ঈদের দিন সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবেন নির্বাহী প্রকৌশলী, ওজোপাডিকো লিঃ ও জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর।

(৬) উপজেলা নির্বাহী অফিসার, গাংনী ও মুজিবনগর নিজ নিজ উপজেলায় অনুরূপ কর্মসূচি গ্রহণ করবেন।

(৭) পৌর এলাকাসহ মেহেরপুর জেলা সদরের ঈদের কর্মসূচিসমূহ বাস্তবায়নে উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর প্রয়োজনীয় সমন্বয় সাধন করবেন।

(৮) ঈদের প্রধান জামায়াত অনুষ্ঠানের সময়সূচি বাংলাদেশ বেতার, খুলনা বেতার, বাংলাদেশ টেলিভিশনসহ বে-সরকারি চ্যানেলসমূহে প্রচারের জন্য ইলেক্ট্রনিক মিডিয়ার সকল প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়। নেজারত ডেপুটি কালেক্টর, মেহেরপুর বিষয়টি নিশ্চিত করবেন এবং স্থানীয় টিভি চ্যানেলে প্রচারের ব্যবস্থা গ্রহণ করবেন।

(৯) মেহেরপুর জেলার সকল ঈদগাহে মুসল্লিগণ যাতে নির্বিঘ্নে নামাজ আদায় করতে পারেন সেজন্য পুলিশ সুপার ও সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করবেন। উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব উপজেলায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

(১০) ঈদের দিনে জাতীয় পতাকা সঠিকমাপে যথাসময়ে উত্তোলন ও যথাসময়ে নামানোর বিষয়ে জেলা তথ্য অফিসার, মেহেরপুর ব্যাপক প্রচার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (উল্লেখ্য পুরাতন বা রং নষ্ট হয়েছে এমন ধরনের জাতীয় পতাকা কোন প্রতিষ্ঠানে থাকলে তা পরিবর্তন করে নতুন জাতীয় পতাকা স্থাপন করার জন্য অনুরোধ করা হলো)।

(১১) পবিত্র ঈদ-উল-ফিতরের দীর্ঘ ছুটিতে মেহেরপুর জেনারেল হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে জনসাধারণ স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত না হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন তত্বাবধায়ক, জেনারেল হাসপাতাল ও সিভিল সার্জন, মেহেরপুর।

(১২) আইন-শৃঙ্খলা রক্ষায় আমঝুপী নীলকুঠি এলাকা, ভাটপাড়া ডিসি ইকোপার্ক ও মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে পুলিশি টহল বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ করবেন পুলিশ সুপার, মেহেরপুর।

(১৩) ঈদ-উল-ফিতর এর নামাজ শুরু হওয়ার পূর্বে সকল ঈদগাহে জঙ্গীবাদ দমন, বাল্যবিবাহ রোধ, মাদক প্রতিরোধ, দেশ-বিরোধী সংক্রান্ত বয়ান করার ব্যবস্থা গ্রহণ করবেন সভাপতি, ইমাম সমিতি, মেহেরপুর।

(১৪) ঈদ-উল-ফিতর এর আগের রাত থেকে বিজিবি, র‌্যাব, গোয়েন্দা সংস্থা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট এর সমন্বয়ে মাদকের বিরুদ্ধে টাস্কফোর্স অভিযান করার ব্যবস্থা গ্রহণ করবেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মেহেরপুর।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আতাউল গনি
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৪.৫৭০০.০০৬.২৩.০৩৭.১৭.৩৩৪ তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬
২৯ মে ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
৪) ................................................................, ............................................................(সংশ্লিষ্ট সকল)।
৫) নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর
৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মেহেরপুর। (ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)

মো: আতাউল গনি
জেলা প্রশাসক